প্রেস বিজ্ঞপ্তি

২১ জানুয়ারী ২০২৫

বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুরঃ তারুন্যের উৎসব-২০২৫ উদযাপনের অংশ হিসেবে মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশন বিগত ২১ জানুয়ারী কুয়ালালামপুরে অনুষ্ঠিত আইসিসি অনূর্ধ্ব-১৯ মহিলা টি-২০ বিশ্বকাপ টুর্নামেন্টে খেলতে আসা বাংলাদেশ ক্রিকেট দলকে নিয়ে একটি মিলনমেলার আয়োজন করে।

মালয়েশিয়ায় বাংলাদেশের মান্যবর হাইকমিশনার মো. শামীম আহসান এবং তার সহধর্মিণী প্যান্ডোরা চৌধুরী ক্রিকেটারদের হাইকমিশনে সাদর অভ্যর্থনা জানান। বাংলাদেশ দলের ১৮ জন ক্রিকেটার ছাড়াও বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পরিচালক নাজমুল আবেদীনসহ কোচিং স্টাফের সদস্যবৃন্দ, মালয়েশিয়ার জাতীয় ক্রিকেট দলের ক্যাপ্টেন জনাব সৈয়দ আজিজ, বাংলাদেশ হাইকমিশনের কর্মকর্তাবৃন্দ এবং বেশ কিছু তরুন অতিথি সংবর্ধনায় উপস্থিত ছিলেন।

তরুণ ক্রিকেটারদের কেন্দ্র করে আয়োজিত এই উৎসবে হাইকমিশনার তাঁর বক্তব্যে বলেন, জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছে বাংলাদেশের তরুণ সমাজ। আর এর মধ্য দিয়ে জন্ম নেওয়া নতুন বাংলাদেশের অগ্রযাত্রায় তরুণরাই অগ্রসর ভুমিকা পালন করবে।

তারুন্যের শক্তিনির্ভর এই নতুন বাংলাদেশের প্রতিনিধি হিসেবে বিশ্বকাপ ক্রিকেটে অংশ নিতে আসা তরুন ক্রিকেটারদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন – এই তরুণরাই বিশ্বের বুকে বাংলাদেশের মর্যাদা বৃদ্ধিতে এবং বাংলাদেশের সঙ্গে অন্য দেশের সেতুবন্ধের ক্ষেত্রেও বিশেষ ভূমিকা রেখে চলেছে। মাননীয় প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস এর নেতৃত্বাধীন সরকার ক্রীড়া ক্ষেত্রে, বিশেষত মেয়েদের অংশগ্রহণ বৃদ্ধি করতে নানা উদ্যোগ নিচ্ছেন বলে তিনি উল্লেখ করেন যা আন্তর্জাতিক পরিমন্ডলে 'বাংলাদেশ ব্র্যান্ডিং' এর ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে বলে তিনি মন্তব্য করেন।

মালয়েশিয়ায় বাংলাদেশী খেলোয়াড়দের সফল অংশগ্রহণ এদেশের সাথে বাংলাদেশের দ্বিপাক্ষিক সম্পর্কে নতুন মাত্রা যোগ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। সবশেষে তিনি বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতায় বাংলাদেশের সাফল্য কামনা করেন।

ক্রিকেট দলের ক্যাপ্টেন সুমাইয়া এবং বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাগণ অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন এবং বাংলাদেশ অনুর্দ্ধ ১৯ নারী ক্রিকেটারদের সম্মানে এই মিলনমেলা আয়োজনের জন্য তাঁরা হাইকমিশনের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সংবর্ধনা শেষে সকলে নৈশভোজে অংশগ্রহণ করেন।

BANGLADESH HIGH COMMISSION ★ KUALA LUMPUR ★

Revised

Fax Message / Email

To : MOFA, Dhaka
From : B'doot, Kuala Lumpur
No. : 19.01.6001.001.44.001.56
Date : 18 February 2025
Sub : Youth Festival 2025

Director (Public Diplomacy) from Head of Chancery

With reference to the Ministry's fax message no 10.00.0000.625.02.003.22/45 dated 12 February 2025 regarding celebration of Youth Festival 2025, the Mission wishes to furnish the following information for the Ministry's suitable use:

a) The Mission has organized a reception/ get together on 21 January 2023 at the chancery with the participation of Bangladesh Under-19 National Women's Cricket Team during their participation in the ICC U-19 Women's T-20 Cricket World Cup held in Kuala Lumpur from 18 January to 2 February 2025. Around 70-80 guests participated in the event, 60% of whom are women. A press release published on the social media and some pictures are attached.

b) The Mission, in partnership with University of Malaya, is going to organize a dialogue among the High Commission and Bangladeshi students and faculty members in Malaysia on Knowledge Remittance. The Event is scheduled to be held in April 2025. Report of the event will be sent later.

Enclosure: as stated

Pranab Bhattacharjee






WELCOME




WELCOME
BANGLADESH


17:33:07
CC U19 WOMEN'S
T20 W
BANGLADESH


WELCOME
DATE :


WELCOME
ICC U-19 WOMEN'S TEA
LADESH
RECEP
DATE :
21 JAN, 2025
MALAYSIA
PREMIER




RECEPTION